

ওসমানী মেডিক্যাল কলেজে ছাত্র ধর্মঘট পালন

সিলেট, ১৩ই নভেম্বর (জেলা বার্তা পরিবেশক)।- জাতীয়তাবাদী ছাত্র দল নেতা নেয়াজ মুহাইমেন ও হাসান আদনান মাসুদের ওপর হামলাকারী ইসলামী ছাত্রশিবিরের সন্ত্রাসীদের হেফতারের দাবিতে আজ ওসমানী মেডিক্যাল কলেজে ছাত্র ধর্মঘট পালিত হয়।

সাধারণ ছাত্রছাত্রী আহৃত এ ধর্মঘট চলাকালে ওসমানী মেডিক্যাল কলেজ চত্বরে মিছিল-সমাবেশ অনুষ্ঠিত হয়।

কেউ সভা করেনি

আজ একই স্থানে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির আহৃত

ওসমানী : পৃঃ ৬ কঃ ৮

ওসমানী : ধর্মঘট পালন

[১ম পৃষ্ঠার পর]

সমাবেশ হয়নি। ছাত্রদল সন্ত্রাসের প্রতিবাদে ও ছাত্রশিবির হেফতারকর্তাদের মুক্তির দাবিতে আজ বিকেল ৩টায় পৌরসভা ক্রিমুখীতে আলাদাভাবে সমাবেশ আহ্বান করেন। এতে উত্তেজনা জেগে ওঠে এবং সংঘাতের আশংকা দেখা দেয়। তবে জেলা প্রশাসনের মধ্যস্থতায় উভয় সংগঠনই কর্মসূচী পালন থেকে বিরত থাকে।